# হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ উমরাহ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

কসর/হলক্ব

- সাঈ শেষ করে মসজিদুল হারাম থেকে বের হওয়ার সময় বাম পা আগে দিয়ে বের হউন এবং নিম্নোক্ত দো‘আ পাঠ করুন:

«اَللهم إِنِّيْ أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ»

“আল্লাহুম্মা ইন্নী আসআলুকা মিন ফাদলিক”।

“হে আল্লাহ! আমি আপনার অনুগ্রহ প্রার্থনা করছি”।

- সাঈ শেষ করার পর মাথার সব অংশ থেকে সমানভাবে চুল ছেঁটে (কসর) কাটতে হবে। তবে এক্ষেত্রে মাথা মুড়ানোই (হালক্ব) উত্তম কাজ।
- মহিলারা এক আঙ্গুলের এক-তৃতীয়াংশ (প্রায় এক ইঞ্চি) পরিমাণ চুল কেটে ফেলবেন। মহিলাদের মাথা মুড়ানোর (হালক্ব) কোনো বিধান নেই।
- উমরাহর সময় কসর/হলক্ব করা ওয়াজিব।
- মসজিদুল হারামের বাইরে মারওয়া পাহাড়ের পাশে অনেক চুল কাটার সেলুন পাওয়া যাবে।
- নাপিতকে ডান দিক দিয়ে চুল কাটা শুরু করতে বলুন। মহিলারা বাসায় একে অপরের অথবা মহিলাদের পার্লারে গিয়ে চুল কাটাবেন।
- এবার ইহরামের কাপড় খুলে ফেলবেন ও গোসল করে নিবেন। আপনার ইহরামের সকল নিষেধাজ্ঞা শেষ হলো। আপনার উমরাহও সম্পন্ন হলো। এখন আপনি সাধারণ পোশাক পরতে পারেন।
- আল্লাহ তা‘আলা যে আপনাকে উমরাহ সম্পন্ন করার তৌফিক দান করেছেন সে জন্য তার দরবারে কৃতজ্ঞতা জানান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6523

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন